

# Visit of Foreign Secretary of the UK to India (March 31, 2022)

March 28, 2022

## ইউকে-র বিদেশ মন্ত্রীর ভারত সফর ( মার্চ 31,2022)

মার্চ 28, 2022

দ্য রাইট মাননীয়া এলিজাবেথ ট্রুস, এমপি, যুক্তরাজ্যের বিদেশ, কমনওয়েলথ এবং বিকাশ বিষয়ক প্রতিমন্ত্রী ও মহিলা ও সমানাধিকার মন্ত্রকের মন্ত্রী 31 শে মার্চ 2022-এ ভারতে একটি সরকারি সফর করবেন।

2. শ্রীমতী ট্রুস, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকরের সাথে পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয় নিয়ে আলোচনা করবেন। তিনি ইন্ডিয়ান কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স অ্যান্ড পলিসি এক্সচেঞ্জ, ইউকে দ্বারা আয়োজিত দুই দেশের মধ্যে আ ট্র্যাক 1.5 সংলাপে ভারত-ইউকে কৌশলগত ভবিষ্যত ফোরামের উদ্বোধনী অধিবেশনেও অংশগ্রহণ করবেন।

3. 2021-এর 04 মে মাসে দুইই প্রধানমন্ত্রীর মধ্যে ভারত-ইউকে ভার্সুয়াল শীর্ষ সম্মেলনের সময়ে ভারত-ইউকের মধ্যে সম্পর্ক, ব্যাপক কৌশলগত অংশীদারিত্বে উন্নীত হয়েছে। ভার্সুয়াল শীর্ষসম্মেলনের পরে ইউকে-র বিদেশ সচিবের এটাই প্রথম ভারত সফর এবং ভার্সুয়াল শীর্ষ সম্মেলনে চালু হওয়া রোডম্যাপ 2030 -র অগ্রগতির মূল্যায়ন করার সুযোগ করে দেবে এই সফর। এই সফর বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন, প্রতিরক্ষা ও সুরক্ষা, জলবায়ু সহযোগিতা, শিক্ষা ও ডিজিটাল যোগাযোগের মত বিভিন্ন ক্ষেত্রে আমাদের অংশীদারিত্বকে আরও গভীর করার সুযোগ প্রদান করবে।

নিউ দিল্লি

মার্চ 28, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.